সংবাদ

তারিখ 25 NOV 2016 পৃষ্ঠা ১ কলাম ৪

ঢাবিতে

# ভর্তি পরীক্ষা না দিয়েও পাস এক শিক্ষার্থী

নিজস্ব বার্তা পরিবেশক

ভর্তি পরীক্ষায় অংশ না নিয়েও ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ভর্তির জন্য মনোনীত হয়েছে এক শিক্ষার্থী। অসম্ভব এই ঘটনার জন্ম দিয়েছে ঢাবির শিক্ষা গবেষণা ইনস্টিটিউট (আইইআর)। এ ঘটনার রহস্য উন্মোচনের জন্য ওই শিক্ষার্থীর পরিবারের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও উপ-উপাচার্যের কাছে গতকাল অভিযোগ দায়ের করা হয়। ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক ঘটনাকে বড় অনিয়ম অভিহিত করে তদন্ত করে এর রহস্য উদ্ঘাটনসহ এর জন্য দায়ী ব্যক্তিদের চিহ্নিত করার ঘোষণা দিয়ে বলেছেন, 'এটা সুখবর যে শিক্ষার্থী ভর্তির জন্য নির্বাচিত হয়েছে বলে ফল প্রকাশ হয়েছে। তার পক্ষ থেকেই অনিয়মের অভিযোগ আনা হয়েছে। শিক্ষার্থী সৎ বলেই বিষয়টি জানিয়েছে। তবে অবশ্যই ভর্তি : পৃষ্ঠা : ১৫ ক : ৬

## ভর্তি : পরীক্ষা

(১ম পৃষ্ঠার পর)

এর রহস্য বের করা হবে। কারণ এত বড় ঘটনা তো হতে পারে না।'

জানা গেছে, গত শুক্রবার ঢাবির শিক্ষা গবেষণা ইনস্টিটিউটের অধীন এমএড (ইভিনিং) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এখানে ভর্তির জন্য অন্যান্যদের মতো আবেদন করেছিলেন ঢাকা কলেজের শিক্ষক পল্লবী বাড়ৈ, যার রোল নম্বর ২৫৫৩। তবে আবেদন করলেও অসুস্থতার কারণে বিসিএস শিক্ষা ক্যাডারের এ সদস্য ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারেননি। কিন্তু মঙ্গলবার ফল প্রকাশ করার পর দেখা যায় মেধা তালিকায় পল্লবী বাড়ৈর নাম। আইইআর'র নোটিশ বোর্ডে ফল টাঙ্গিয়ে দেয়া হয়েছে। এতে বলা হয়েছে- পল্লবী বাড়ৈর মেরিট স্কোর ৭৬ এবং মেরিট পজিশন ৪১।

পল্লবী বাড়ৈ বলেন, 'আমি পরীক্ষায় অংশ নিতে পারিনি। তবে ফল প্রকাশের পর আমার পরিচিত কয়েকজন আমাকে জানায় যে, তোমার নাম মনোনীত। আমার বিশ্বাস না হলেও কে বা কারা জালিয়াতি করেছে বলে চিন্তাও লাগছিল। আমি দ্রুত বিষয়টি আমার পরিবারের অন্য সদস্যদের জানাই।'